" শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ"

ঢাকা পবিস-৩

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩
DHAKA PALLI BIDYUT SAMITY-3
গেন্ডা, সাভার, ঢাকা।

ISO 9001:2015 Certified

সদর দপ্তর-মানবসম্পদ বিভাগ
টেলিফোন নং- ০২-৭৭৪৪৫১৫,৭৭৪৬১৭৬
ফ্যাক্স নং-০২-৭৭৪৪৭৭৬
E-Mail: dhakapbs3@gmail.com
Website:www.dhakapbs3.org.bd
Skype:dhakapbs3,Twitter:dhakapbs3

স্মারক নং-২৭.১২.২৬৭২.৫১৮.০১.০০৭.১৮. ৪৮৭২

তারিখঃ ০৩ আশ্বিন' ১৪২৫ বঙ্গাব্দ
১৮ সেপ্টেম্বর' ২০১৮ খ্রিষ্টাব্দ

" আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি "

বাপবিবোর্ডের স্মারকনং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩০৮৭, তারিখঃ-১৩/০৯/২০১৮খ্রিঃ অনুযায়ী ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এ নিম্নবর্ণিত ০১ নং শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে বিলিং সহকারী পদে কর্মরত যারা পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত-২০১২) এর আলোকে পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে এবং ০২নং পদের জন্য বিলিংসহকারী (উদ্বৃত্ত/চুক্তিভিত্তিক) পদে কর্মরত কর্মচারীগণ এর নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

পদের নামঃ
(০১) বিলিংসুপারভাইজার (পদোন্নতির মাধ্যমে) ও (০২) ডাটাএন্ট্রি অপারেটর (বিলিংসহকারী (উদ্বৃত্ত/চুক্তিভিত্তিক)।

ক্রঃনং	পদের নাম	প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন ও অন্যান্য ভাতাদি	জেলা কোটা
০১	বিলিং সুপার ভাইজার	ক) প্রার্থীর নূন্যতম ০৭ (সাত) বছর বিলিং সহকারী পদে নিয়মিত হিসেবে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। খ) বিলিং কম্পিউটার, সার্ভার ও অন্যান্য ইকুপমেন্ট পরিচালনায় সামর্থ থাকতে হবে। গ) বাংলা প্রতি মিনিটে নূন্যতম ১০ (দশ) শব্দ ও ইংরেজী প্রতি মিনিটে ৩০ (ত্রিশ) শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে। ঘ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে। ঙ) সংশ্লিষ্ট পদে সর্বশেষ ০৩ (তিন) বছরের কর্মমূল্যায়ন গড় রেটিং নূন্যতম ৩.৫০ থাকতে হবে।	পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী	উল্লেখ, ০১নং পদে পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র সমিতির ভৌগোলিক এলাকা অর্থাৎ সাভার উপজেলার সাভার পৌরসভা, সাভার ইউনিয়ন, পহেলা ওয়ার্শি, উত্তর ওয়ার্শি, নতুন পহেলা, দেউলিয়াপাড়া, পাইকপাড়া, নবগ্রাম, আমিনবাজার ইউনিয়ন, বনগ্রাম, কাউন্দিয়া, তেঁতুলঝোড়া, ভার্কুতা ও পাথালিয়া ইউনিয়ন এবং ধামরাই উপজেলা, মানিকগঞ্জ জেলার আটিগ্রাম ইউনিয়নের কেষ্টিগ্রাম, কেরানীগঞ্জ উপজেলার হযরতপুর ইউনিয়নের ০২(দুই)টি গ্রাম কালারচর ও কদমতলী, টাংগাইল জেলার মির্জাপুর উপজেলার ওয়ার্শি ইউনিয়নের (আংশিক) স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নেই।

অঃপৃঃদ্রঃ

০২	ডাটাএন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সংরক্ষিত)	ক) এস,এস,সি ও এইচ,এস,সি উভয় পরীক্ষায় দ্বিতীয় বিভাগ অথবা সিজিপিএ নূন্যতম ২.২৫ (৪.০০ এর মধ্যে) অথবা সিজিপিএ নূন্যতম ২.৫০ (৫.০০ এর মধ্যে) অথবা সমতুল্য থাকতে হবে। খ) ওয়ার্ড প্রসেসিং-এ পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে এবং কম্পিউটারে পরিচালনায় পারদর্শী হতে হবে। গ) বাংলা প্রতি মিনিটে নূন্যতম ২০ (বিশ) শব্দ ও ইংরেজী প্রতি মিনিটে নূন্যতম ৩০ (ত্রিশ) শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে। ঘ) বাংলা ও ইংরেজী ব্যাকরণ বানান, বিরাম চিহ্ন ব্যবহার সহ বাক্য গঠনে ও দাপ্তরিক চিঠিপত্র এবং তথ্যাদি রিপোর্ট ইত্যাদি নথিভুক্ত করণে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। ঙ) সম্পাদিত কার্যাদি সুবিন্যস্থ ও পরিষ্কারভাবে উপস্থাপনের দক্ষতা থাকতে হবে।	পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী	বর্ণিত ০২ নং পদের জন্য জেলা কোটা প্রাপ্যতা থাকায় অত্র সমিতির জেলা কোটার প্রাপ্যতা অনুযায়ী ঢাকা, গাজীপুর, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, শেরপুর, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, নেত্রকোনা, টাঙ্গাইল, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবন, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, ব্রাহ্মনবাড়ীয়া, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, লক্ষীপুর, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, গাইবান্ধা, পাবনা, দিনাজপুর, সাতক্ষীরা, বাগেরহাট, যশোর, ঝিনাইদহ, বরগুনা জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে ধারাবাহিক ভাবে নিয়োগে কোন জেলা কোটা পূর্ন হলে উক্ত জেলার আবেদনকারীর আবেদন বিবেচনা করা হবে না। অত্র সমিতির ভৌগোলিক এলাকা অর্থাৎ সাভার উপজেলার সাভার পৌরসভা, সাভার ইউনিয়ন, পহেলা ওয়ার্শি, উত্তর ওয়ার্শি, নতুন পহেলা, দেউলিয়াপাড়া, পাইকপাড়া, নবগ্রাম, আমিনবাজার ইউনিয়ন, বনগ্রাম, কাউন্দিয়া, তেঁতুলঝোড়া, ভার্কুতা ও পাথালিয়া ইউনিয়ন এবং ধামরাই উপজেলা, মানিকগঞ্জ জেলার আটিগ্রাম ইউনিয়নের কেষ্টিগ্রাম, কেরানীগঞ্জ উপজেলার হযরতপুর ইউনিয়নের ০২ (দুই) টি গ্রাম কালারচর ও কদমতলী, টাংগাইল জেলার মির্জাপুর উপজেলার ওয়ার্শি ইউনিয়নের (আংশিক) স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নেই।

<u>**আবেদন করার পদ্ধতিঃ-**</u>

বর্ণিত পদে নিয়োগ লাভে আগ্রহী এবং সংশ্লিষ্ট নির্দেশিকার আলোকে যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে খামের উপরে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে স্ব-হস্তে বাংলায় (ক) নিজের নাম. (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ)জন্ম তারিখ, (ছ) বয়স, (জ)জাতীয়তা, (ঝ) শিক্ষাগত যোগ্যতা, (ঞ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ ও (ট) চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক আবেদন করতে হবে। সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি, সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি, বিলিং সহকারী হিসেবে যোগদান ও নিয়মিত করণ সংক্রান্ত পত্রের ফটোকপি (সকল ফটোকপি এজিএম এইচআর/প্রশাসন কর্তৃক সত্যায়িত হতে হবে), পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী সকল প্রশিক্ষণের উত্তীর্ন ফলাফলের সত্যায়িত ফটোকপি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/সিটি মেয়র/কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের কপি, সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিবরণ (যদি থাকে) এবং বর্তমানে কোন তদন্ত প্রক্রিয়াধীন/ফৌজদারী মামলা চলমান আছে কি-না তা উল্লেখ পূর্বক বিনা আপত্তির সনদসহ নিয়োগের জন্য সুপারিশ সংবলিত আবেদন পত্র সহ আগামী ০৬/১০/২০১৮খ্রিঃ রোজ শনিবার সকাল ০৯:০০ ঘটিকায় ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তর গেন্ডা, সাভার, ঢাকা এ স্ব-শরীরে উপস্থিত হতে হবে।

অঃপৃঃদ্রঃ

শর্তাবলীঃ

০১। অত্র পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী কিংবা সমিতির বোর্ড পরিচালক/মহিলা পরিচালকবৃন্দের, স্বামী/স্ত্রী এবং তাদের রক্ত সম্পর্কীয় এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।

০২। অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতাসম্পন্ন আবেদনকারীগণের মধ্য হতে জ্যেষ্ঠ বিলিং সহকারী ও জেলা কোটা বিবেচনা করে সংশ্লিষ্ট পদে নিয়োগ দেয়া হবে।

০৩। ২নং পদের ক্ষেত্রে বিলিং সহকারী (চুক্তিভিত্তিক) পদের প্রথম নিয়োগের সময় বয়স সর্বোচ্চ ৩০ বৎসর থাকতে হবে।

০৪। বিলিং সহকারী হিসেবে যে ঠিকানায় নিয়োগ প্রাপ্ত হয়েছেন, বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে উক্ত ঠিকানায়ই স্থায়ী ঠিকানা হিসেবে গণ্য হবে।

০৫। ০২ নং পদের ক্ষেত্রে কর্মরত পবিসে চুক্তি ভিত্তিক/উদ্বৃত্ত বিলিং সহকারী মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

০৬। উপরোক্ত ০১নং পদের নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য "চলতি দায়িত্ব" এবং ০২নং পদের নির্বাচিত প্রার্থীর জন্য ০১(এক) বৎসরের জন্য অন-প্রবেশন" নিয়োগ দেয়া হবে। নির্বাচিত প্রার্থীদের "চলতি দায়িত্ব"/অন-প্রবেশন" থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে এবং বিলিং সহকারী পদে কর্মরত থাকাবস্থায় পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে বর্তমানে পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট করার পর পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে ও পবিস নির্দেশিকা ৩০০-২৪, ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ এবং অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্বতন পদে প্রত্যাবর্তন অথবা নির্দেশিকা অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।

০৭। ০২নং পদের ক্ষেত্রে বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মূহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সে জেলার প্রার্থীগণের আবেদন বিবেচনা করা হবে না।

০৮। বর্ণিত পদে প্রার্থীকে নিয়োগ প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যাখান করতে পারবেন না।

০৯। কোন প্রার্থী তথ্য গোপন করে যদি কেহ নিয়োগ প্রাপ্ত হন, তবে তাকে তদন্ত ব্যাতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১১। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। "চলতি দায়িত্বে/অন প্রবেশন" থাকাকালীন সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

১৩। নিয়োগ সংক্রান্ত যে কোন ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১৪। বর্ণিত পদের নিয়োগের ক্ষেত্রে ০১নং পদের ক্ষেত্রে ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত-২০১২) এর ধারা ০৭, ১৪ ও ১৬ প্রতিপালন করা হবে।

(মোঃ রেজাউল করিম খান)
জেনারেল ম্যানেজার (অঃদাঃ)

অনুলিপিঃ- (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাঃপঃ(কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ, পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....................১/২/৩/৪। (যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের অবহিত করণের জন্য অনুরোধ করা হলো।
০৪। ডিজিএম ১/২/৩/৪/৫, জোনাল অফিস, ডিজিএম (সদর দপ্তর-কারিগরী), ঢাকা পবিস-৩।
০৫। এজিএম(প্রশাসন/এমএস/ওএন্ডএম/অর্থ-হিসাব/রাজস্ব/ইএন্ডসি/পিএন্ডএম), ঢাকা পবিস-৩।
০৬। এজিএম (ওএন্ডএম), নয়ারহাট সাব-জোনাল অফিস, ঢাকা পবিস-৩।
০৭। নোটিশ বোর্ড, সদর দপ্তর, ঢাকা পবিস-৩।
০৮। অফিস কপি/মাষ্টার কপি।

(মোঃ রেজাউল করিম খান)
জেনারেল ম্যানেজার (অঃদাঃ)

F:\Malina-2018\HR\Job circular.docx